

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ১৬, ২০১৯

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ০১ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ/১৫ জুন ২০১৯ খ্রিষ্টাব্দ

নং ১৭.০০.০০০০.০৭৯.৮০.০১৮.১৯-৪৫৬।—আগামী ১৮ জুন ২০১৯ তারিখে অনুষ্ঠিত বরগুনা
জেলার তালতলী উপজেলা পরিষদের নির্বাচনে আচরণ বিধি লজ্জন এবং দায়িত্বপ্রাপ্ত নির্বাহী
ম্যাজিস্ট্রেটকে সরকারি দায়িত্ব পালনে বাধা প্রদান, আক্রমন, অপদন্ত ও লাপ্তিত করার বিষয়টি মাননীয়
নির্বাচন কমিশনের গোচরীভূত হলে বিষয়টি তদন্তের নিমিত্ত মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুসারে
২ (দুই) সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। উক্ত তদন্ত কমিটি তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন
দাখিল করেন। দাখিলকৃত প্রতিবেদনে চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থী জনাব মোঃ রেজিব-উল-কবির কর্তৃক
উপজেলা পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর বিধি ৭ (ক), বিধি ১১ (২), বিধি ১৩ (ক)
ও বিধি ১৮ (ক), (গ), (ঘ) এবং উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৫১ (৩) (জ)
লজ্জনের বিষয়টি প্রমাণিত হওয়ায় উল্লিখিত বিধি লজ্জনের অভিযোগে মাননীয় নির্বাচন কমিশন
উপজেলা পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৬ এর বিধি ৩৩ ও উপজেলা পরিষদ নির্বাচন
বিধিমালা, ২০১৩ এর বিধি ৮৯ অনুসারে চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থী জনাব মোঃ রেজিব-উল-কবির
এর প্রার্থীতা এতদ্বারা বাতিল করলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আলমগীর
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৮৪১)

মূল্য : ঢাকা ৪.০০